গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।
www.bhurungamari.kurigram.gov.bd

স্মারক নং-০৫.৪৭.৪৯০৬.০০০.০৩.০০২.২৩-৫৬০

তারিখঃ ০৪ আষাঢ় ১৪৩০
১৮ জুন ২০২৩

# "সভার নোটিশ"

আগামী ২২ জুন ২০২৩ তারিখ বেলা ১২.০০ ঘটিকার সময় জনাব মোঃ নুরুন্নবী চৌধুরী, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম মহোদয়ের সভাপতিত্বে জুন ২০২৩ মাসের মাসিক সাধারণ/সমন্বয় সভা উপজেলা পরিষদ, ভূরুঙ্গামারী, কুড়িগ্রামের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হবে।

উক্ত সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য আপনাকে অনুরোধ করা হলো।

উল্লেখ্য, সভায় উপস্থাপনযোগ্য কোন বিষয় থাকলে তা আগামী ২১/০৬/২০২৩ তারিখের মধ্যে লিখিতভাবে এ কার্যালয়ে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

(দীপক কুমার দেব শর্মা)
উপজেলা নির্বাহী অফিসার
ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।
মোবাইল নম্বর ঃ ০১৭৯৯৯৪১৫৫৫
ই-মেইল ঃ unobhurungamari@mopa.gov.bd

১। উপজেলা ................................................. অফিসার
ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

২। চেয়ারম্যান .....................................ইউনিয়ন পরিষদ
ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

৩। জনাব ...........................................................
...........................................................................
ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে) ঃ

১। জনাব মোঃ আছলাম হোসেন সওদাগর, মাননীয় জাতীয় সংসদ সদস্য, ২৫-কুড়িগ্রাম-১ ও উপদেষ্টা,উপজেলা পরিষদ, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।
২। জেলা প্রশাসক, কুড়িগ্রাম।
৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।
৪। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।
৫। অফিস নথি।

(১০২)

# জুন/২০২৩ মাসের মাসিক সমন্বয় সভার উপস্থিতির তালিকা

| ক্র/নং | নাম ও পদবী | মোবাইল নাম্বার | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১ | মো: নুরুন্নবী (?) [illegible] | 01718-426948 | [signature] |
| ২ | দীপক কুমার দে শর্মা [illegible] | 01799941555 | |
| ৩ | মো: আবু [illegible] | 01718107599 | [signature] |
| ৪ | মো: আবদুর রব [illegible] | 01320-133491 | [signature] |
| ৫ | মো: [illegible] | 01716437654 | [signature] |
| ৬ | মো: আমিনুর রহমান UAVDO | 01723323238 | [signature] |
| ৭ | মো: [illegible] | 01714786627 | [signature] |
| ৮ | মো: [illegible] UDO | 01709331044 | [signature] |
| ৯ | মো: [illegible] WSEO | 01743928686 | [signature] |
| ১০ | মো: [illegible]; মো: [illegible] | 01718127639; ~~[illegible]~~ | [signature] |
| ১১ | [illegible] | 01721518062 | [signature] |
| ১২ | ডা: মোছা: [illegible] | 01762-132223 | [signature] |
| ১৩ | মো: [illegible] | 01716-400576 | [signature] |
| ১৪ | মো: [illegible] রহমান | 01716258984 | [signature] |
| ১৫ | ডা: [illegible] | 01713712015 | [signature] |
| ১৬ | মো: [illegible] আক্তার | 01724458964 | [signature] |
| ১৭ | মো: [illegible] | 01794082365 | [signature] |
| ১৮ | মো: [illegible] AUEO | 01724694243 | [signature] |
| ১৯ | মো: আ: [illegible] | 01922208818 | [signature] |
| . | মো: [illegible] | 0176940[illegible] | [signature] |

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ কার্যালয়
ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

| | | |
|---|---|---|
| বিষয় | ঃ | উপজেলা পরিষদের জুন ২০২৩ মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী। |
| সভাপতি | ঃ | মোঃ নুরুন্নবী চৌধুরী, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম। |
| সভার তারিখ ও সময়ঃ | | ২২ জুন ২০২৩ সময়: বেলা ১২ ঘটিকা। |
| সভার স্থান | ঃ | উপজেলা পরিষদ সভাকক্ষ, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম। |

(সভায় উপস্থিত সদস্যগণের নামের তালিকা সংশ্লিষ্ট হাজিরা বহিতে সংরক্ষিত রয়েছে)

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অত:পর আজকের সভাটি পরিচালনা করার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানানো হয়। উপজেলা নির্বাহী অফিসার সভায় উপস্থিত সকলকে আসন্ন পবিত্র ঈদ-উল আযহার আগাম শুভেচ্ছা জানিয়ে বিভাগ/দপ্তর ভিত্তিক আলোচনা শুরু করেন। আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়।

১ <u>বিগত সভার কার্যবিবরণী সম্পর্কে আলোচনা</u> ঃ

উপজেলা নির্বাহী অফিসার বিগত সভার কার্যবিবরণীর সারসংক্ষেপ সভায় উপস্থাপন করেন। বিগত সভার কার্যবিবরণীতে কোন সংশোধন, সংযোজন, পরিমার্জন/সুপারিশ থাকলে তা সভায় উপস্থাপনের জন্য সভায় উপস্থিত সম্মানিত সদস্যগণকে অনুরোধ জানানো হয়। সভায় বিস্তারিত আলোচনান্তে গত সভার কার্যবিবরণীতে কোন সংশোধন, সংযোজন, পরিমার্জন/সুপারিশ না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

২ <u>উপজেলা প্রকৌশল দপ্তরঃ</u>

উপজেলা প্রকৌশলী, এলজিইডি সভায় জানান, পিইডিপি-৪ প্রকল্পের আওতায় ২৩টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের মধ্যে ১২টি বিদ্যালয় হস্তান্তরিত হয়েছে। অবশিষ্ট ১১টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের কাজ চলমান রয়েছে। ০৫ (পাঁচ)টি ইউনিয়ন পরিষদ মেরামতের কাজ সমাপ্ত হয়েছে যথাঃ ০১) পাথরডুবি ইউপি, ০২) তিলাই ইউপি, ০৩) জয়মনিরহাট ইউপি, ০৪) ভূরুঙ্গামারী ইউপি ০৫) বলদিয়া ইউপি। **IRIDP-3** প্রকল্পের আওতায় ০৪ (চার) টি রাস্তার কাজ চলমান। বঙ্গসোনাহাট ইউনিয়ন পরিষদ মেরামত করণ কাজের = ৯৯০০০০.০০ টাকা বরাদ্দ পাওয়া গিয়েছে। যার টেন্ডার প্রক্রিয়াধীন।

**ADP** প্রকল্পঃ উপজেলা প্রকৌশলী, এলজিইডি সভায় জানান, এডিপি'র ১ম কিস্তি বাবদ ১৭,১২,০০০/- টাকা, ২য় কিস্তি বাবদ ১৭,১২,০০০/- ৩য় কিস্তি বাবদ ১৭,০৩,০০০/- এবং ৪র্থ কিস্তি বাবদ ১৯,৬৬,০০০/- পাওয়া গেছে। ৪ (চার) কিস্তিতে মোট প্রাপ্ত = ৭০,৯৩,০০০/- টাকা ও রাজস্ব উদ্বৃত ৫০,৪৮,৫১১/- টাকাসহ সর্বমোট ১,২১,৪১,৫১১/- (এক কোটি একুশ লক্ষ একচল্লিশ হাজার পাঁচ শত এগারো) টাকার ৩০% পিআইসি ও অবশিষ্ট অর্থের প্রকল্পসমূহ টেন্ডার/কোটেশন এর মাধ্যমে বাস্তবায়নের নিমিত্তে সংশ্লিষ্ট যাচাই বাছাই কমিটির মাধ্যমে বরাদ্দকৃত টাকার **ADP/PIC** প্রকল্পে বিভাজন করা হয়েছে এবং প্রকল্পসমূহ চূড়ান্ত করা হয়েছে। প্রকল্প সমূহের টেন্ডার/কোটেশন সম্পন্ন করা হয়েছে। টেন্ডার সমূহের কাজ সমাপ্ত হয়েছে।

ইউনিয়ন পরিষদ উন্নয়ন সহায়তা খাতে ২৫০০০০০.০০ টাকা বরাদ্দ পাওয়া গিয়েছে এবং প্রকল্পসমূহ চূড়ান্ত করা হয়েছে। যাহা নিম্নরুপ:

| ক্রঃ নং | প্রকল্পের নাম | প্রাক্কলিত মূল্য | পদ্ধতি |
|---|---|---|---|
| ০১। | ভূরুঙ্গামারী সদর ঈদগাহ মাঠের বাউন্ডারী ওয়াল নিমার্ণ। | ২০০০০০.০০ | PIC |
| ০২। | পাইকেরছড়া ইউনিয়নের ১ নং ওয়ার্ডে আঃ বারেক এর বাড়ীর সামনে ইউড্রেন নির্মাণ। | ১০০০০০.০০ | PIC |
| ০৩। | ডাকবাংলা মোড় হতে কেন্দ্রীয় কবর স্থান পর্যন্ত রাস্তার গর্ত রাবিশ দ্বারা ভরাট করণ। | ১০০০০০.০০ | PIC |
| ০৪। | ভূরুঙ্গামারী উপজেলার বিভিন্ন ইউনিয়নের হতদরিদ্র কৃষকের মাঝে স্প্রে মেশিন সরবরাহ করণ। | ৭৫০০০০.০০ | RFQ |
| ০৫। | আন্ধারীঝাড় কেন্দ্রীয় মসজিদের রাস্তা সিসি করণ। | ৫০০০০০.০০ | RFQ |
| ০৬। | ভূরুঙ্গামারী সদর বাগভান্ডার কদমতলা হতে উত্তর দিকে সামাদের বাড়ির রাস্তা সংস্কার করণ। | ২৫০০০০.০০ | RFQ |
| ০৭। | ভূরুঙ্গামারী উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে বেঞ্চ সরবরাহ করণ। | ৩০০০০০.০০ | RFQ |
| ০৮। | জয়মনিরহাট পাকার মাথা হতে দেওয়ানের খামার মিলনী বাজার মোড় পর্যন্ত রাস্তা সংস্কার করণ। | ৩০০০০০.০০ | RFQ |
| | মোট টাকা= | ২৫০০০০০.০০ | |

সিদ্ধান্ত ঃ চলতি ২০২২-২০২৩ অর্থ বছরের মধ্যেই গৃহীত এডিপি/পিআইসি প্রকল্পের কাজগুলোর গুণগত মান নিশ্চিত পূর্বক সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়।

বাস্তবায়নে ঃ উপজেলা প্রকৌশলী/ইউপি চেয়ারম্যান (সকল), ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

৩ **উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিস ঃ**

উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় উপস্থিত সকলকে পবিত্র ঈদ-উল আযহার আগাম শুভেচ্ছা জানান। পবিত্র ঈদ-উল আযহা উপলক্ষ্যে সড়ক দুর্ঘটনা রোধে সবাইকে সচেতন থাকার পরামর্শ প্রদান করেন। তাছাড়া তিনি সভায় সকলকে স্বাস্থ্য বিধি মেনে পরিমিতভাবে খাবার গ্রহণের পরামর্শ প্রদান করেন। ঈদের দিন/পরের দিন সোনাহাট ব্রীজে যাতে লোকজন অযাচিতভাবে অবস্থান না করে সে দিকে খেয়াল রাখার জন্য পুলিশ বিভাগের প্রতি অনুরোধ জানান। তার বিভাগের কার্যক্রম স্বাভাবিক ভাবে পরিচালিত হচ্ছে মর্মে সভায় অবহিত করেন।

সিদ্ধান্ত ঃ হাসপাতালে আগত জনগণের স্বাস্থ্য সেবা নিশ্চিত করার জন্য সভায় পরামর্শ প্রদান করা হয়।

বাস্তবায়নে ঃ উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

৪ **উপজেলা প্রাণিসম্পদ অফিসঃ**

উপজেলা প্রাণিসম্পদ অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম এর প্রতিনিধি ভেটেরিনারি সার্জন সভায় জানান তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। তিনি সভায় আরো জানান আসন্ন কোরবানী উপলক্ষে পশুর হাটে মেডিক্যাল টিম গঠন করা হয়েছে। এ উপজেলায় কোরবানীর জন্য পর্যাপ্ত পশু মজুদ রয়েছে।

সিদ্ধান্ত ঃ উপজেলা প্রাণিসম্পদ বিভাগের কার্যক্রমকে অধিকতর গতিশীল রাখার জন্য এবং কোরবানী উপলক্ষে পশুর হাটে সার্বক্ষনিক মেডিক্যাল টিম প্রস্তুত রাখার জন্য উপজেলা প্রাণিসম্পদ অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রামকে সভায় অনুরোধ জানানো হয়।

বাস্তবায়নেঃ উপজেলা প্রাণিসম্পদ অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

৫ **উপজেলা শিক্ষা অফিস ঃ**

উপজেলা শিক্ষা অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম এর প্রতিনিধি সভায় জানান প্রাথমিক শিক্ষার মান উন্নয়নে শিক্ষা বিভাগ যথাযথ কার্যক্রম পরিচালনা করে আসছেন।

সিদ্ধান্ত ঃ প্রাথমিক শিক্ষার মান উন্নয়নে সহায়ক ভূমিকা পালন করার জন্য সভায় উপজেলা শিক্ষা অফিসার, ভূরুঙ্গামারী,কুড়িগ্রামকে অনুরোধ জানানো হয়।

বাস্তবায়নে ঃ উপজেলা শিক্ষা অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

৬ **উপজেলা রিসোর্স সেন্টার ঃ**

ইনস্ট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম সভায় অনুপস্থিত থাকায় তার দপ্তরের কার্যক্রম সম্পর্কে জানা গেল না।

সিদ্ধান্ত ঃ তাকে আগামী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হয়।

বাস্তবায়নে ঃ ইনস্ট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

৭ **উপজেলা কৃষি অফিস ঃ**

উপজেলা কৃষি অফিসার সভায় জানান তার দপ্তরের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। রোপা-আমনের বীজতলায় যাতে পানি জমে না থাকে সে বিষয়ে কৃষকদেরকে উদ্ধুদ্ধ করার জন্য সভায় উপস্থিত ইউপি চেয়ারম্যানগণের সহযোগিতা কামনা করেন।

সিদ্ধান্ত ঃ কৃষি বিভাগের কার্যক্রমকে আরো গতিশীল রাখাসহ রোপা-আমনের মৌসুমে কৃষকদেরকে প্রয়োজনীয় সহায়তার জন্য উপজেলা কৃষি অফিসারকে পরামর্শ প্রদান করা হয়।

বাস্তবায়নে ঃ উপজেলা কৃষি অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

৮ **উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের দপ্তর ঃ**

উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম এর প্রতিনিধি সভায় জানান খাদ্য বিভাগের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।

সিদ্ধান্ত ঃ খাদ্য বিভাগের কার্যক্রমকে আরো গতিশীল রাখার জন্য সভায় নির্দেশনা প্রদান করা হয়।

বাস্তবায়নে ঃ উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

৯ **উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস ঃ**

উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম সভায় জানান তার দপ্তরের কার্যক্রম যথারীতি পরিচালিত হচ্ছে।

সিদ্ধান্ত ঃ মাধ্যমিক শিক্ষার মান উন্নয়নে প্রয়োজনীয় সকল কার্যক্রম গ্রহণসহ উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারকে বিদ্যালয় পরিদর্শন পূর্বক আগামী সভায় প্রতিবেদন উপস্থাপন করার জন্য সভায় অনুরোধ জানানো হয়।

বাস্তবায়নে ঃ উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

১০ **উপজেলা পল্লী উন্নয়ন অফিস ঃ**

উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম সভায় অনুপস্থিত থাকায় তার দপ্তরের কার্যক্রম সম্পর্কে জানা গেল না।

সিদ্ধান্ত ঃ তাকে আগামী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হয়।

বাস্তবায়নে ঃ উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

১১ **উপজেলা মহিলা বিষয়ক অফিস ঃ**

উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় অনুপস্থিত থাকায় তার দপ্তরের কার্যক্রম সম্পর্কে জানা গেল না।

সিদ্ধান্ত ঃ তাকে আগামী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হয়।

বাস্তবায়নে ঃ উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

১২ **উপজেলা যুব উন্নয়ন অফিস ঃ**

উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান তার দপ্তরের কার্যক্রম যথারীতি চলমান রয়েছে। তিনি সভায় বিভিন্ন মেয়াদে প্রশিক্ষণ প্রাপ্ত ১২ (বার) জন বেকার যুব ও যুব মহিলাকে বিভিন্ন মেয়াদে ঋণ প্রদান করা হয়েছে মর্মে জানান।

সিদ্ধান্ত ঃ উপজেলা যুব উন্নয়ন অফিসের কার্যক্রমকে আরো গতিশীল রাখার জন্য সভায় পরামর্শ প্রদান করা হয়।

বাস্তবায়নে ঃ উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

১৩ **জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ ঃ**

উপসহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ভূরুঙ্গামারী সভায় অনুপস্থিত থাকায় তার দপ্তরের কার্যক্রম সম্পর্কে জানা গেল না।

সিদ্ধান্ত ঃ তাকে আগামী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হয়।

বাস্তবায়নে ঃ উপসহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

১৪ **উপজেলা পরিসংখ্যান বিভাগ ঃ**

উপজেলা পরিসংখ্যান অফিসার সভায় অনুপস্থিত থাকায় তার দপ্তরের কার্যক্রম সম্পর্কে জানা গেল না।

সিদ্ধান্ত ঃ তাকে আগামী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হয়।

বাস্তবায়নে ঃ উপজেলা পরিসংখ্যান অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

১৫ **উপজেলা আনসার ও ভিডিপি বিভাগ ঃ**

উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা সভায় জানান তার দপ্তরের কার্যক্রম যথারীতি চলমান রয়েছে।

সিদ্ধান্ত ঃ উপজেলা আনসার ও ভিডিপি বিভাগের কার্যক্রমকে গতিশীল রাখার জন্য সভায় নির্দেশনা প্রদান করা হয়।

বাস্তবায়নে ঃ উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

১৬ **ইসলামিক ফাউন্ডেশন ঃ**

ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন সভায় অনুপস্থিত থাকায় তার দপ্তরের কার্যক্রম সম্পর্কে জানা গেল না।

সিদ্ধান্ত ঃ তাকে আগামী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হয়।

বাস্তবায়নে ঃ ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

১৭ **উপজেলা সমাজসেবা অফিস ঃ**

উপজেলা সমাজসেবা অফিসার সভায় জানান এ উপজেলায় মোট ০৮ (আট) জন দুরারোগ্য রোগীর চিকিৎসার জন্য ৫০০০০/- (পঞ্চাশ হাজার) টাকা করে ০৮টি চেক পাওয়া গেছে। যা আজকের সভায় বিতরণের জন্য উপস্থাপন করেন। বিভিন্ন ভাতাভোগী যারা ইতোমধ্যে মৃত্যু বরণ করেছেন তাদের স্থলে নতুন ভাতাভোগী প্রতিস্থাপনের ক্ষেত্রে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য সভায় নির্দেশনা প্রদান করা হয়।

সিদ্ধান্ত ঃ উপজেলা সমাজসেবা অফিসারকে সমাজ সেবা বিভাগের কার্যক্রমের গতিশীলতা ফিরিয়ে আনার জন্য এবং নতুন ভাতাভোগী প্রতিস্থাপনের ক্ষেত্রে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য সভায় উপজেলা সমাজ সেবা অফিসারকে পরামর্শ প্রদান করা হয়।

বাস্তবায়নে ঃ উপজেলা সমাজ সেবা অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

১৮ **পল্লী বিদ্যুৎ সমিতি ঃ**

ডিজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি, ভুরুঙ্গামারী, কুড়িগ্রাম সভায় জানান তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ভাবে পরিচালিত হচ্ছে। তিনি সভায় সরকারিসহ বেসরকারি পর্যায়ে বকেয়া বিদ্যুৎ বিল পরিশোধের লক্ষ্যে সংশ্লিষ্ট সকলের প্রতি অনুরোধ জানান।

সিদ্ধান্ত ঃ ঃ লোডশেডিং সহনীয় পর্যায়ে রাখার জন্য ডিজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি, ভুরুঙ্গামারী, কুড়িগ্রামকে সভায় অনুরোধ জানানো হয়। সরকারিসহ বেসরকারি পর্যায়ে বকেয়া বিদ্যুৎ বিল পরিশোধের জন্য সভায় সংশ্লিষ্ট সকলের প্রতি অনুরোধ জানানো হয়।

বাস্তবায়নে ঃ ডিজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি/সংশ্লিষ্ট সকল, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

১৯ **কাস্টমস বিভাগ ঃ**

সভায় রাজস্ব কর্মকর্তা সভায় অনুপস্থিত থাকায় তার দপ্তরের কার্যক্রম সম্পর্কে জানা গেল না।

সিদ্ধান্ত ঃ ঃ তাকে আগামী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হয়।

বাস্তবায়নে ঃ রাজস্ব কর্মকর্তা, জয়মনিরহাট, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

২০ **ত্রাণ ও দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগ ঃ**

উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। **তিনি সভায় আরো জানান ইজিপিপি+ সহ এ উপজেলায় টি.আর/কাবিখা প্রকল্পের কাজ চলমান রয়েছে।**

সিদ্ধান্ত ঃ বিভাগীয় কার্যক্রমকে গতিশীল রাখার জন্য এবং **টি.আর/কাবিখা প্রকল্পের কাজ নির্ধারিত সময়ের মধ্যে শেষ করার জন্য** সভায় উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, ভূরুঙ্গামারী, কুড়িগ্রামকে অনুরোধ জানানো হয়।

বাস্তবায়নে ঃ উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

২১ **মৎস্য বিভাগঃ**

উপজেলা মৎস্য অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম সভায় অনুপস্থিত থাকায় তার দপ্তরের কার্যক্রম সম্পর্কে জানা গেল না।

সিদ্ধান্ত ঃ ঃ তাকে আগামী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হয়।

বাস্তবায়নেঃ উপজেলা মৎস্য অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

২২ **পরিবার পরিকল্পনা বিভাগঃ**

উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম সভায় অনুপস্থিত থাকায় তার দপ্তরের কার্যক্রম সম্পর্কে জানা গেল না।
সিদ্ধান্ত ঃ ঃ তাকে আগামী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হয়।
বাস্তবায়নেঃ উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

২৩ **সমবায় বিভাগঃ**

উপজেলা সমবায় অফিসার সভায় অনুপস্থিত থাকায় তার দপ্তরের কার্যক্রম সম্পর্কে জানা গেল না।
সিদ্ধান্ত ঃ ঃ তাকে আগামী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হয়।
বাস্তবায়নেঃ উপজেলা সমবায় অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

২৪ **আইসিটি বিভাগঃ**

সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, উপজেলা কার্যালয়, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম সভায় জানান তার দপ্তরের কার্যক্রম যথারীতি চলমান রয়েছে। তিনি সভায় উপস্থিত সকলকে স্ব-স্ব দপ্তরের সকল কার্যক্রম ওয়েব পোর্টালে আপলোড করার জন্য অনুরোধ জানান।
সিদ্ধান্ত ঃ সকল দপ্তরের স্ব-স্ব কার্যক্রম ওয়েব পোর্টালে আপলোড করার জন্য সংশ্লিষ্ট সকলকে সভায় অনুরোধ জানানো হয়।
বাস্তবায়নে ঃ সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, উপজেলা কার্যালয়/সংশ্লিষ্ট (সকল), ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

২৫ **বনবিভাগ ঃ**

ফরেষ্টার, বনবিভাগ, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম সভায় জানান বনবিভাগের কার্যক্রম যথারীতি চলছে।
সিদ্ধান্ত ঃ বন বিভাগের কার্যক্রমকে আরো গতিশীল রাখার জন্য ফরেষ্টার, বনবিভাগ, ভূরুঙ্গামারী, কুড়িগ্রামকে সভায় পরামর্শ প্রদান করা হয়।
বাস্তবায়নেঃ ফরেষ্টার, বনবিভাগ, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

২৬ **পল্লী সঞ্চয় ব্যাংক ঃ**

ম্যানেজার, পল্লী সঞ্চয় ব্যাংক, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম সভায় অনুপস্থিত থাকায় তার দপ্তরের কার্যক্রম সম্পর্কে জানা গেল না।
সিদ্ধান্ত ঃ তাকে আগামী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হয়।
বাস্তবায়নেঃ ম্যানেজার, পল্লী সঞ্চয় ব্যাংক, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

২৭ **উপজেলা নির্বাচন অফিস ঃ**

উপজেলা নির্বাচন অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম সভায় জানান উপজেলা সার্ভার স্টেশন ভবনটি উর্ধ্বমুখী সম্প্রসারণ অথবা অন্য কোন ভাবে সম্প্রসারণ করা সম্ভব কি-না সে বিষয়ে মতামত প্রদানের জন্য নির্বাচন কমিশন নিম্নবর্ণিতভাবে কমিটি গঠন করেছেন।

কমিটি

| | |
|---|---|
| ১। উপজেলা নির্বাহী অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম | আহবায়ক |
| ২। উপজেলা প্রকৌশলী, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম | সদস্য |
| ৩। উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম | সদস্য |
| ৪। উপ-সহকারী প্রকৌশলী (শিক্ষা), ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম | সদস্য |
| ৫। উপজেলা নির্বাচন অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম | সচিব সদস্য |

বর্ণিত কমিটির কারিগরি সদস্যগণ সার্ভার স্টেশন ভবনটি সরেজমিনে পরিদর্শন করেছেন এবং উক্ত ভবনের উপর কোন ভাবে উর্ধ্বমুখী সম্প্রসারণ কিংবা অন্য ভাবে সম্প্রসারণ সম্ভব নয় মর্মে প্রতিবেদন দাখিল করেছেন। এ অবস্থায় উপজেলা পরিষদ ক্যাম্পাসের মধ্যে কোন ফাঁকা জায়গায় নতুন ভবন নির্মাণের প্রস্তাব করা যায় কি-না সে বিষয়ে তিনি সভায় মতামত কামনা করেন। তাছাড়া তিনি সভায় আরো জানান উপজেলা নির্বাচন অফিসে একজন সহকারী উপজেলা নির্বাচন কর্মকর্তা পোস্টিং দিয়েছেন। কিন্তু নির্বাচন অফিসে পর্যাপ্ত কক্ষ না থাকায় সহকারী উপজেলা নির্বাচন কর্মকর্তার জন্য ০১টি কক্ষ বরাদ্দ প্রদানের নিমিত্ত অনুরোধ জানান।
সিদ্ধান্ত ঃ ভূরুঙ্গামারী উপজেলা সার্ভার স্টেশন উর্ধ্বমুখী সম্প্রসারণ যোগ্য নয় মর্মে উর্ধ্বতন কর্তৃপক্ষকে অবহিত করার জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।
বাস্তবায়নেঃ উপজেলা নির্বাচন অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

২৮ **মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবন সংক্রান্ত ঃ**

সাবেক কমান্ডার, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, ভূরুঙ্গামারী উপজেলা কমান্ড, ভূরুঙ্গামারী,কুড়িগ্রাম সভায় অনুপস্থিত থাকায় বীর মুক্তিযোদ্ধাদের সম্পর্কে জানা গেল না।
সিদ্ধান্ত ঃ তাকে আগামী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হয়।
বাস্তবায়নে ঃ সাবেক কমান্ডার, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, ভূরুঙ্গামারী উপজেলা কমান্ড, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

২৯ **বিএডিসি (সেচ) ঃ**

উপ-সহকারী প্রকৌশলী, বিএডিসি (সেচ), ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম সভায় অনুপস্থিত থাকায় তার দপ্তরের কার্যক্রম সম্পর্কে জানা গেল না।
সিদ্ধান্ত ঃ তাকে আগামী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হয়।
বাস্তবায়নেঃ উপ-সহকারী প্রকৌশলী, বিএডিসি (সেচ), ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

৩০ **ভূরুঙ্গামারী ইউনিয়ন পরিষদ ঃ**

চেয়ারম্যান, ভূরুঙ্গামারী ইউনিয়ন পরিষদ, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম সভায় আসন্ন কোরবানী উপলক্ষ্যে ভূরুঙ্গামারী পশুরহাটে ক্রেতা-বিক্রেতা উভয়েই যাতে নিরাপদে ক্রয়-বিক্রয় করতে পারে সে বিষয়ে পুলিশি টহল জোরদার করার জন্য পুলিশ বিভাগের প্রতি অনুরোধ জানান।

সিদ্ধান্ত ঃ আসন্ন কোরবানী উপলক্ষ্যে ভূরুঙ্গামারী পশুরহাটে ক্রেতা-বিক্রেতা উভয়েই যাতে নিরাপদে ক্রয়-বিক্রয় করতে পারে সে বিষয়ে পুলিশি টহল জোরদার করার জন্য অফিসার ইনচার্জ, ভূরুঙ্গামারী থানাকে অনুরোধ জানানো হয়।

বাস্তবায়নে ঃ অফিসার ইনচার্জ, ভূরুঙ্গামারী থানা/চেয়ারম্যান, ভূরুঙ্গামারী ইউনিয়ন পরিষদ, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

৩১ **পাইকেরছড়া ইউনিয়ন পরিষদ ঃ**

চেয়ারম্যান, পাইকেরছড়া ইউনিয়ন পরিষদ, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম সভায় জানান আসন্ন পবিত্র ঈদ-উল আযহা উপলক্ষ্যে ভিজিএফ চাল সুষ্ঠুভাবে বিতরণ করা হচ্ছে। তিনি সভায় উপস্থিত সকলকে আসন্ন পবিত্র ঈদ-উল আযহা উপলক্ষ্যে আগাম শুভেচ্ছা জানান।

সিদ্ধান্ত ঃ আসন্ন পবিত্র ঈদ-উল আযহা উপলক্ষ্যে ভিজিএফ চাল সুষ্ঠুভাবে বিতরণ করার জন্য ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ জানানো হয়।

বাস্তবায়নে ঃ চেয়ারম্যান, সকল ইউনিয়ন পরিষদ, ভূরুঙ্গামারী।

৩২ **চর ভূরুঙ্গামারী ইউনিয়ন পরিষদ ঃ**

চেয়ারম্যান, চর ভূরুঙ্গামারী ইউনিয়ন পরিষদ, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম সভায় জানান আসন্ন পবিত্র ঈদ-উল আযহা উপলক্ষ্যে ভিজিএফ চাল সুষ্ঠুভাবে বিতরণ করা হচ্ছে। তিনি সভায় উপস্থিত সকলকে আসন্ন পবিত্র ঈদ-উল আযহা উপলক্ষ্যে আগাম শুভেচ্ছা জানান।

সিদ্ধান্ত ঃ আসন্ন পবিত্র ঈদ-উল আযহা উপলক্ষ্যে ভিজিএফ চাল সুষ্ঠুভাবে বিতরণ করার জন্য ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ জানানো হয়।

বাস্তবায়নে ঃ চেয়ারম্যান, সকল ইউনিয়ন পরিষদ, ভূরুঙ্গামারী।

৩৩ সভায় উপজেলা নির্বাহী অফিসার আসন্ন পবিত্র ঈদ-উল আযহা উপলক্ষ্যে ভিজিএফ চাল সুষ্ঠুভাবে বিতরণ করার জন্য ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ জানান। তাছাড়া তিনি সংশ্লিষ্ট সকলকে স্বাস্থ্য বিধি পরিপালনসহ চুরি প্রতিরোধে থানা পুলিশকে অনুরোধ জানান।

সিদ্ধান্ত ঃ আসন্ন পবিত্র ঈদ-উল আযহা উপলক্ষ্যে ভিজিএফ চাল সুষ্ঠুভাবে বিতরণ করার জন্য ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ জানানো হয়। চুরি প্রতিরোধে থানা পুলিশকে পুলিশী টহল জোরদার করার জন্য অফিসার ইনচার্জ, ভূরুঙ্গামারী থানাকে অনুরোধ জানানো হয়।

বাস্তবায়নে ঃ অফিসার ইনচার্জ, ভূরুঙ্গামারী থানা/চেয়ারম্যান, সকল ইউনিয়ন পরিষদ, ভূরুঙ্গামারী।

৩৪ **বিবিধ আলোচনাঃ**

সভায় উপজেলা নির্বাহী অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম জানান জেলাধীন ভূরুঙ্গামারী উপজেলায় ক্যালেন্ডার ভূক্ত ২০টি হাট-বাজার ১৪৩০ বাংলা সনের জন্য ইজারা প্রদানের নিমিত্ত এ কার্যালয়ের ২৩/০২/২০২৩ তারিখের ০৫.৪৭.৪৯০৬.০০০.১৩.০২৬.২৩-১৬০(১০০) নং স্মারক পত্রে বিজ্ঞপ্তি জারী করা হলে ভূরুঙ্গামারী হাট-বাজারের অনুকূলে ২টি সিডিউল বিক্রি হয়। তন্মধ্যে সর্বোচ্চ দরদাতা জনাব মোঃ খায়রুল আলম ১,৪২,০০,০০০/- (এক কোটি বিয়াল্লিশ লক্ষ) টাকার দর দাখিল করেন। উল্লেখ্য ভূরুঙ্গামারী হাট-বাজারের ১৪৩০ বাংলা সনের সরকারি মূল্য ২,৮৯,২২,৫৭৮/- (দুই কোটি উননব্বই লক্ষ বাইশ হাজার পাঁচশত আটাত্তর) টাকা। পুনরায় দ্বিতীয় বার বিজ্ঞপ্তি প্রকাশ করা হলে ভূরুঙ্গামারী হাট-বাজারের ৩টি দরপত্র দাখিল হয় যার সর্বোচ্চ দর ১,৭২,০০,০০০/- (এক কোটি বাহাত্তর লক্ষ) টাকা। পরবর্তীতে তৃতীয় বার বিজ্ঞপ্তি প্রকাশ করা হলে ১টি দরপত্র দাখিল হয় যার সর্বোচ্চ দর ১,৭২,২১,০০০/- (এক কোটি বাহাত্তর লক্ষ একুশ হাজার) টাকা। ফলে কাঙ্খিত সরকারি মূল্য দাখিল না হওয়ায় ভূরুঙ্গামারী হাট-বাজারটি ১৪৩০ বাংলা সনের জন্য অদ্যাবধি ইজারা প্রদান করা যায়নি। বিষয়টি ইতোমধ্যে এ কার্যালয়ের ৩০/০৪/২০২৩ তারিখের ০৫.৪৭.৪৯০৬.০০০.১৩.০২৬.২৩-৪২৮ নং স্মারক পত্রে জেলা প্রশাসক, কুড়িগ্রাম মহোদয়কে অবহিত করা হয়েছে। তৎপরিপ্রেক্ষিতে জেলা প্রশাসক, কুড়িগ্রাম মহোদয়ের কার্যালয়ে ২১ জুন ২০২৩ তারিখের ৩১.৪৭.৪৯০০.০০৬.১০.০১৬.২০-৮২৫ নং স্মারক পত্রে ভূরুঙ্গামারী হাট-বাজারের ইজারা মূল্য না পাওয়ায় বিদ্যমান কারণ সম্বলিত প্রতিবেদনসহ উপজেলা পরিষদের সাধারণ সভার কার্যবিবরণী প্রেরণ করার জন্য বলা হয়েছে যা আজকের সভায় উপস্থাপন করা হয়। এমতাবস্থায় ভূরুঙ্গামারী হাট-বাজারটি ১৪৩০ বাংলা সনের জন্য ইজারা প্রদান বিষয়ে সভায় উপস্থিত সম্মানিত সদস্যগণের মূল্যবান মতামত কামনা করা হয়। সভায় উপস্থিত সম্মানিত সদস্যগণ ভূরুঙ্গামারী হাট-বাজারটি ১৪৩০ বাংলা সনের জন্য ইজারা প্রদান বিষয়ে নিম্নোক্তভাবে মতামত ব্যক্ত করেন।

(১) চেয়ারম্যান, আন্ধারীঝাড় ইউনিয়ন পরিষদ সভায় জানান গত দুই বছর যাবৎ ভূরুঙ্গামারী হাটে গরু আমদানী কম হওয়ায় ইজারা মূল্য কমে গেছে। বর্তমান প্রেক্ষাপট বিবেচনায় ১,৭২,২১,০০০/- (এক কোটি বাহাত্তর লক্ষ একুশ হাজার) টাকায় ভূরুঙ্গামারী হাট-বাজারটি ইজারা প্রদান করা যেতে পারে।

(২) চেয়ারম্যান, পাইকেরছড়া ইউনিয়ন পরিষদ সভায় জানান বিগত করোনা কালীন সময় থেকে ভূরুঙ্গামারী হাট-বাজারে ধান, পাট, সুপারিসহ গরু আমদানীর পরিমাণ অনেকাংশে কমে গেছে। তাছাড়া ভূরুঙ্গামারী হাট-বাজারের আশে পাশে বিভিন্ন রাস্তার মোড়ে দোকান পাট গড়ে উঠায় মানুষ ভূরুঙ্গামারী হাট-বাজার মুখী হতে চায় না। ফলে বেচা-কেনা বহুলাংশে হ্রাস পাওয়ায় টোল আদায় কমে গেছে। এমতাবস্থায় ১,৭২,২১,০০০/- (এক কোটি বাহাত্তর লক্ষ একুশ হাজার) টাকায় সর্বোচ্চ ডাককারীর অনুকূলে ভূরুঙ্গামারী হাট-বাজারটি ইজারা প্রদান করা যেতে পারে।

(৩) চেয়ারম্যান, চর ভূরুঙ্গামারী ও চেয়ারম্যান, জয়মনিরহাট ইউনিয়ন পরিষদ সভায় অনুরূপ মতামত প্রদান করেন।

(৪) উপজেলা কৃষি অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম সভায় বলেন ব্যবসায়ীরা সবাই লাভের জন্য ব্যবসা করে থাকেন। লোকশান করে কেউ ব্যবসা করতে চান না। ভূরুঙ্গামারী হাট-বাজারে টোল আদায়ের পরিমাণ কমে যাওয়ায় সরকারি কাঙ্খিত মূল্য পাওয়া যাচ্ছে না। বিধায় সর্বোচ্চ দরদাতা কর্তৃক দাখিলকৃত ১,৭২,২১,০০০/- (এক কোটি বাহাত্তর লক্ষ একুশ হাজার) টাকার দরটি গ্রহণ করা যেতে পারে এবং ভূরুঙ্গামারী হাট-বাজারটি ইজারা প্রদান করা যেতে পারে।

(৫) সভায় উপস্থিত সভাপতি, প্রেসক্লাব ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম জানান ভূরুঙ্গামারী উপজেলাটি সামীন্তবর্তী একটি উপজেলা। এ উপজেলার ৩ দিকে ভারতীয় সামীন্ত দ্বারা বেষ্টিত। ইতোপূর্বে এ উপজেলায় বিট খাটাল ও করিডোরের মাধ্যমে ভারতীয় গরু আমদানী হতো। সাম্প্রতিক সময়ে তা বন্ধ হওয়ায় ভারতীয় গরু আমদানী হচ্ছে না। ফলে টোল আদায় ব্যাপক ভাবে কমে গেছে। সার্বিক অবস্থা বিবেচনা

করে সর্বোচ্চ দরদাতা কর্তৃক দাখিলকৃত ১,৭২,২১,০০০/- (এক কোটি বাহাত্তর লক্ষ একুশ হাজার) টাকার দরটি গ্রহণ করা যেতে পারে এবং ভূরুঙ্গামারী হাট-বাজারটি ১৪৩০ বাংলা সনের জন্য ইজারা প্রদান করা যেতে পারে মর্মে সভায় মত প্রকাশ করেন।

(৬) সভায় উপস্থিত অধ্যক্ষ, ভূরুঙ্গামারী সরকারি কলেজ/অধ্যক্ষ, ভূরুঙ্গামারী মহিলা কলেজ/অধ্যক্ষ, ভূরুঙ্গামারী সিনিয়র ফাজিল মাদ্রাসা/উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা/অফিসার ইনচার্জ (তদন্ত)/উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা/উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার/উপজেলা সমাজসেবা অফিসার/সভাপতি, উপজেলা প্রেসক্লাব, ভূরুঙ্গামারী, কুড়িগ্রামসহ সকলেই বর্তমান প্রেক্ষাপট বিবেচনায় সর্বোচ্চ দরদাতা কর্তৃক দাখিলকৃত ১,৭২,২১,০০০/- (এক কোটি বাহাত্তর লক্ষ একুশ হাজার) টাকার দরটি গ্রহণ করা যেতে পারে এবং ভূরুঙ্গামারী হাট-বাজারটি ১৪৩০ বাংলা সনের জন্য ইজারা প্রদান করা যেতে পারে মর্মে অনুকূল মতামত প্রদান করেন।

(৭) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম ও সভাপতি, উপজেলা পরিষদ মাসিক সাধারণ/সমন্বয় কমিটি, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম সভায় জানান উপজেলার যোগাযোগ ব্যবস্থা ভালো হওয়ায় ব্যবসায়ীরা প্রত্যন্ত এলাকায় মালামাল ক্রয় করে সরাসরি দেশের বিভিন্ন এলাকায় নিয়ে যাচ্ছে। ভূরুঙ্গামারী হাট বাজারে বর্তমানে ক্রেতা-বিক্রেতার সংখ্যা দিন দিন কমে যাচ্ছে। এ সকল প্রেক্ষাপট বিবেচনায় সর্বোচ্চ দরদাতা কর্তৃক দাখিলকৃত ১,৭২,২১,০০০/- (এক কোটি বাহাত্তর লক্ষ একুশ হাজার) টাকার দরটি গ্রহণ করা যেতে পারে এবং ভূরুঙ্গামারী হাট-বাজারটি ইজারা প্রদানের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা যেতে পারে।

সিদ্ধান্ত ঃ জেলাধীন ভূরুঙ্গামারী উপজেলার ভূরুঙ্গামারী হাট-বাজারটি ১৪৩০ বাংলা সনের জন্য সরকারি মূল্য প্রাপ্তির লক্ষ্যে ব্যাপক প্রচার করা সত্বেও কাঙ্খিত মূল্য অর্জিত হয়নি। বর্তমান প্রেক্ষাপট বিবেচনায় এবং সভায় উপস্থিত সম্মানিত সদস্যগণের মতামতের ভিত্তিতে সর্বোচ্চ দরদাতা কর্তৃক দাখিলকৃত ১,৭২,২১,০০০/- (এক কোটি বাহাত্তর লক্ষ একুশ হাজার) টাকার দরটি গ্রহণ করা যেতে পারে এবং ভূরুঙ্গামারী হাট-বাজারটি পরবর্তী ইজারা প্রদানের বিষয়ে জেলা প্রশাসক, কুড়িগ্রাম মহোদয় বরাবর সদয় নির্দেশনা প্রদানের জন্য প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় এডিপিসহ সকল প্রকল্পের কার্যক্রম ৩০ জুন ২০২৩ তারিখের মধ্যে উপজেলা প্রকৌশলীকে গুণগতমান বজায় রেখে সম্পন্ন করার জন্য অনুরোধ জানানো হয়।

সভাপতি গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নে সকলের সহযোগিতা কামনা করেন। পানির স্বাভাবিক গতিপ্রবাহ চলমান রাখার জন্য সভায় ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ জানান।

পরিশেষে সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

22/5/23

(মোঃ নুরুন্নবী চৌধুরী)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।
www.bhurungamari.kurigram.gov.bd

স্মারক নং- ০৫.৪৭.৪৯০৬.০০০.০৬.০০৪.২৩-৫৭১ তারিখঃ ০৮ আষাঢ় ১৪৩০ / ২২ জুন ২০২৩

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো ঃ

১। মাননীয় জাতীয় সংসদ সদস্য, ২৫ কুড়িগ্রাম-১ ও উপদেষ্টা, উপজেলা পরিষদ, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।
২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
৪। পরিচালক, স্থানীয় সরকার, রংপুর।
৫। জেলা প্রশাসক, কুড়িগ্রাম।
৬। উপপরিচালক, স্থানীয় সরকার, কুড়িগ্রাম।
৭। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।
৮। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।
৯। উপজেলা ............................................................................................ অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।
১০। চেয়ারম্যান, ........................................... ইউনিয়ন পরিষদ, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।
১১। জনাব ........................................................................................................................................
১২। অফিস কপি।

22/6/23

(দীপক কুমার দেব শর্মা)
উপজেলা নির্বাহী অফিসার
ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।